



বাংলাদেশ ফার্মেসী কাউন্সিল

রাহাত টাওয়ার (৫ম তলা), ১৪ লিংক রোড পশ্চিম বাংলামোটর
ঢাকা-১০০০।

E-mail : info@pcb.gov.bd, web : www.pcb.gov.bd

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ ফার্মেসী কাউন্সিল কার্যালয়ে নিম্নলিখিত শূন্য পদে নিয়োগদানের জন্য বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে :

| ক্রমিক নং | পদের নাম | পদের সংখ্যা | জাতীয় বৈতনিক | বয়স | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|-----------|-----------------------------------|-------------|---------------|------------------|--|
| ১। | পরীক্ষা নিয়ন্ত্রক | ১ | ৫ম গ্রেড | ন্যূনতম ৩৫ বৎসর | বি.ফার্ম, এম.ফার্ম পরীক্ষায় ন্যূনতম ২য় শ্রেণী/বিভাগ অথবা জিপিএ ন্যূনতম ৩.০০ এবং ফার্মেসী কাউন্সিল থেকে 'এ' ক্যাটাগরীর রেজিঃ প্রাপ্ত। সংশ্লিষ্ট বিষয়ে ০৫ (পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। |
| ২। | সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক | ১ | ৯ম গ্রেড | সর্বোচ্চ ৩০ বৎসর | বি.ফার্ম, এম.ফার্ম পরীক্ষায় ন্যূনতম ২য় শ্রেণী/বিভাগ অথবা জিপিএ ন্যূনতম ৩.০০ এবং ফার্মেসী কাউন্সিল থেকে 'এ' ক্যাটাগরীর রেজিঃ প্রাপ্ত। |
| ৩। | প্রভাষক ও পরিদর্শক | ৬ | ৯ম গ্রেড | সর্বোচ্চ ৩০ বৎসর | বি.ফার্ম, এম.ফার্ম পরীক্ষায় ন্যূনতম ২য় শ্রেণী/বিভাগ অথবা জিপিএ ন্যূনতম ৩.০০ এবং ফার্মেসী কাউন্সিল থেকে 'এ' ক্যাটাগরীর রেজিঃ প্রাপ্ত। |
| ৪। | প্রশাসনিক কর্মকর্তা | ১ | ৯ম গ্রেড | সর্বোচ্চ ৩০ বৎসর | এম.ফার্ম/যে কোন বিষয়ে স্নাতকোত্তর, সকল পরীক্ষায় ন্যূনতম ২য় শ্রেণী/ বিভাগ অথবা জিপিএ ন্যূনতম ৩.০০। ০৫ (পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। |
| ৫। | অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর | ১ | ১৬তম গ্রেড | সর্বোচ্চ ৩০ বৎসর | এইচএসসি/সমমানের পরীক্ষায় দ্বিতীয় বিভাগ অথবা জিপিএ গ্রেড ন্যূনতম ২.৫। কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, স্প্রেডশীট, ই-মেইল ও ফ্যাক্স পরিচালনা, ডাটা এন্ট্রি ও টাইপ ইত্যাদির সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজীতে ২০ ও বাংলায় ২০ শব্দ। |

শর্তাবলী:

- আবেদনপত্রে প্রার্থীর পূর্ণ জীবন-বৃত্তান্তসহ (ক) প্রার্থীর নাম (খ) পিতার/স্বামীর নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) জন্ম তারিখ (ছ) বর্তমান বয়স (৩১.০১.২০১৮ তারিখে) (জ) জাতীয়তা (ঝ) শিক্ষাগত যোগ্যতা (ঞ) অভিজ্ঞতা ইত্যাদি উল্লেখ থাকতে হবে।
- ৩১.০১.২০১৮ তারিখে ২-৫ নং ক্রমিকের পদের জন্য প্রার্থীর বয়সসীমা ১৮-৩০ বছর হতে হবে। কেবলমাত্র মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার ক্ষেত্রে বয়সসীমা ৩২ (বত্রিশ) বছর।
- সনদপত্রের সাথে (ক) শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সকল সনদপত্রের অনুলিপি (খ) জাতীয় পরিচয়পত্রের অনুলিপি (গ) সদ্যতোলা পাসপোর্ট সাইজের ২ (দুই) কপি ছবি প্রার্থীকে আবেদনপত্রের সাথে সংযুক্ত করে দিতে হবে।
- মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানদের সন্তান এর ক্ষেত্রে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার প্রমাণক হিসেবে সরকারের সর্বশেষ নির্দেশনা মোতাবেক উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত মূল সনদ। তাছাড়া মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা সন্তানের ক্ষেত্রে উপযুক্ত প্রমাণক হিসেবে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌর মেয়র/সিটি কর্পোরেশন ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রার্থীর সঙ্গে মুক্তিযোদ্ধার সম্পর্ক সংক্রান্ত মূল প্রত্যয়নপত্র।
- চাকুরীতে নিয়োজিত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- ক্রটিপূর্ণ/অসম্পূর্ণ/বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকেই বাতিল বলে গণ্য হবে।
- নির্বাচনী পরীক্ষায়/সাক্ষাৎকার প্রদানে উপস্থিত হবার জন্য কোন টি.এ.ডি.এ প্রদান করা হবে না।
- প্রার্থীদেরকে প্রার্থীত পদের নাম অবশ্যই খামের উপর উল্লেখ করতে হবে। একই প্রার্থী একাধিক পদে আবেদন করলে তার আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- আবেদনপত্র আগামী ৩১.০১.২০১৮ তারিখ বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে অবশ্যই নিম্ন স্বাক্ষরকারীর বরাবরে পৌঁছাতে হবে।
- নিয়োগের ক্ষেত্রে বাংলাদেশ ফার্মেসী কাউন্সিলের নিয়োগ বিধি অনুসরণ করা হবে।
- কর্তৃপক্ষ বিজ্ঞাপিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি/বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।
- নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- আবেদনপত্রের সাথে ১-৪ নং ক্রমিকের পদের জন্য ৫০০/- (পাঁচশত) টাকা এবং ৫ নং ক্রমিকের পদের জন্য ৩০০/- (তিনশত) টাকার (অফেরতযোগ্য) ব্যাংক ড্রাফট/পে-অর্ডার বাংলাদেশ ফার্মেসী কাউন্সিলের অনুকূলে জমা দিতে হবে।

(কে. কে. সাহা)

সচিব

বাংলাদেশ ফার্মেসী কাউন্সিল